৪.ক্যাপাসিটিভ কী সুইচের সুবিধা অসুবিধা লেখ ।

উত্তর : সুবিধা- কোন মেকানিক্যাল কন্ট্যাক্ট না থাকায় ময়লা বা মরিচা পড়ার সম্ভাবনা নেই। অসুবিধা : ক্যাপাসিট্যান্সের পরিবতনকে নিণয়ের জন্য বিশেষ সাকিট ব্যবহার করতে হয় ।

৫.চিত্রসহ মেমব্রন কী-সুইচ বণনা কর । উত্তর : প্রকৃতপক্ষে এটি একটি বিশেষ ধরনের কী সুইচ । এটি প্লাস্টিক অথবা রাবারের স্যান্ডউইচ আকৃতির তিনটি স্তর দ্বারা গঠিত। উপরের স্তরে কনডাকটিং লাইন থাকে, যা প্রতিটি সুইচের জন্য একটি সারি বহন করে । মধ্যস্তরে সুইচ উপরের দিকে ওঠানামা করতে সাহায্য করে । নিচের স্তরের কনডাকটিং লাইনটি প্রতিটি সুইচের জন্য একটি কলাম বহন করে । প্রতিটি লাইনে সিলভার ধাতুর লেপন থাকে ।

৬.চিত্রসহ ক্যাপাসিটিভ কী-সুইচ বণনা কর। উত্তর : যে ধরনের কী সুইচ উহার ক্যাপাসিটিভ এর বৈশিষ্ট্যকে কাজে লাগিয়ে কী-কোড উৎপন্ন করে ,তাকে ক্যাপাসিটিভ কী সুইচ বলে । ক্যাপাসিটিভ কী সুইচে দুটি ছোট ধাতব পাত প্রিন্টেড সাকিট বোডের উপর থাকে । আরও একটি মেটাল প্লেট

নিচের দিকে থাকে, যার মধ্যে এক টুকরা ফোম লাগানো থাকে ।

৭.চিত্রসহ হল-ইফেক্ট কী-সুইচ বণনা কর। উত্তরঃ যে ধরনের কী সুইচ হল-ইফেক্টের কারণে সৃ ষ্ট হল-ভোল্টেজকে কাজে লাগিয়ে কী-কোড উৎপন্ন করে,তাকে হল-ইফেক্ট কী-সুইচ বলে ।এখানে সেমিকন্ডাকটর ক্রিস্টালের বিপরীত দুই পাশে একটি রেফারেন্স কারেন্ট প্রবাহিত করা হয় ।

৮.কী সুইচের গুনাবলি লিখ?

উত্তরঃ ১.নিভরযোগ্যতা বা অধিক বিশ্বস্ততা ২.শব্দহীন বা কম শব্দ উৎপন্ন হওয়া ৩. কী বাউন্স কম থাকা ।